



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি উপাচার্যের বিশ্ববিদ্যালয়ে যোগদান

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) নবনিযুক্ত মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল আজ শুক্রবার সকালে (৬ সেপ্টেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন। প্রথমেই বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গণে উপাচার্যকে গার্ড অব অনার প্রদান করে নোবিপ্রবি বিএনসিসি। এরপর তিনি শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। শেষে তিনি উপাচার্য কার্যালয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউট, বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ, দপ্তর ও শাখার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীবৃন্দ ও সাংবাদিকবৃন্দের সঙ্গে পৃথক সভা করেন। সভায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে শহীদদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়।

সেখানে সংক্ষিপ্ত বক্তৃতায় মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, ‘মাননীয় শিক্ষা উপদেষ্টাসহ সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি, তিনি আমাকে আপনাদের সঙ্গে কাজ করার সুযোগ করে দিয়েছেন। বৈষম্যবিরোধী আন্দোলনে যারা শহীদ হয়েছেন তাদের রুহের মাগফিরাত কামনা করছি। আল্লাহ যেন তাদেরকে শহীদ হিসেবে কবুল করেন। যারা আহত হয়েছেন তাদের সুস্থতা কামনা করছি এবং আমাদের কোনো ছাত্র-ছাত্রী যদি আহত হয়ে থাকে, তাদের আমরা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সর্বোচ্চ সহযোগিতা করার চেষ্টা করবো। এখন আমাদের অন্যতম চ্যালেঞ্জ হলো ছাত্র-ছাত্রীদেরকে ক্লাসে ফিরিয়ে নেওয়া। আগামী রবিবার থেকেই একাডেমিক কার্যক্রম শুরু করতে আমি আপনাদের প্রত্যেকের সহযোগিতা কামনা করছি’।

এসময় নোবিপ্রবিকে বিশ্বমানের বিশ্ববিদ্যালয়ে পরিণত করতে তার প্রচেষ্টা অব্যাহত থাকবে এ প্রত্যয় ব্যক্ত করে তিনি আরও বলেন, ‘আমি নোবিপ্রবি শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীবৃন্দ ও সাংবাদিকবৃন্দ আপনাদের সকলকে বিশ্ববিদ্যালয় গড়ার কাজে স্বপ্ন সারথী হিসেবে পেতে চাই। আমি বিশ্ববিদ্যালয় পরিবারের সকল সদস্যকে নিয়ে এগিয়ে যেতে চাই। শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে নোবিপ্রবিকে এগিয়ে নিয়ে যেতে আমি আপনাদের সহযোগিতা কামনা করছি’।

সভায় বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান ড. মোহাম্মদ শফিকুল ইসলাম, গণিত বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, ফিশারিজ এন্ড মেরিন সায়েন্স বিভাগের অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার, ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক মোহাম্মদ নিজাম উদ্দিন, প্রক্টর এএফএম আরিফুর রহমান, রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) তামজিদ হোছাইন চৌধুরীসহ বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, বিভাগের চেয়ারম্যানবৃন্দ, হলের প্রভোস্টবৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, ৫ সেপ্টেম্বর ২০২৪ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পান অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ্যাপ্লাইড কেমিস্ট্রি ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক। মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর জনাব মোঃ সাহাবুদ্দিন নোবিপ্রবি আইন ২০০১ এর ধারা ১০(১) অনুযায়ী আগামী চার বছরের জন্য এ নিয়োগ দেন। অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ১৯৯৪ সালে চট্টগ্রামের কালাউজান ড. ওয়াই.বি.আর.এস হাই স্কুল থেকে এসএসসি ও ১৯৯৬ সালে চট্টগ্রাম কলেজ থেকে এইচএসসি সম্পন্ন করেন। এরপর তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে এ্যাপ্লাইড কেমিস্ট্রি ও কেমিক্যাল টেকনোলজি বিষয়ে বিএসসি ও এমএসসি সম্পন্ন করে যুক্তরাজ্যের ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয় থেকে ২০১৬ সালে পিএইচডি এবং পরবর্তীতে একই বিশ্ববিদ্যালয় থেকে পোস্ট ডক্টরাল ডিগ্রি অর্জন করেন। তিনি ২০০৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ্যাপ্লাইড কেমিস্ট্রি ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগ দেন। ২০২৩ সাল থেকে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪